চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৬ মার্চ ২০১৭ খ্রি.

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন কর্মসূচির অধীনে পরিচালিত প্রাথমিক স্তরের ১০টি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের ৩ শত জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরন করলেন সিটি মেয়র

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন কর্মসূচির (প্রাপ) অধীনে পরিচালিত প্রাথমিক স্তরে ১০টি বস্তির ১০টি প্রাক প্রাথমিক বিদ্যালয়ের ৩ শত জন শিক্ষার্থীর মাঝে ১৬ মার্চ ২০১৭ খ্রি. দুপুরে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে বই, ব্যাগ খাতা, পোষাক ও জুতা বিতরন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ উপলক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি ও ৯নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল আলম জসিম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে আরো বক্তব্য রাখেন ২৮নং ওয়ার্ড কাউন্সিলর মো. আবদুল কাদের, ৫নং ওয়ার্ড কাউন্সিলর মো. আজম, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, স্থপতি এ কে এম রেজাউল করিম, সিনিয়র বস্তি উন্নয়ন কর্মকর্তা সনজিৎ কুমার দাশ, বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলি সহ সংশ্লিষ্টরা। অনুষ্ঠানের প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, অস্বচ্ছল ও হতদরিদ্র জনগোষ্ঠী বস্তি এলাকায় বসবাস করে। তাদের সন্তানদের শিক্ষার দায়িত্ব সরকার যথাযথভাবে পালন করে যাচ্ছে। বিনামূল্যে পাঠ্যবই, বিনামূল্যে অধ্যয়ন, উপবৃত্তি সহ বহুমুখী সুযোগ সুবিধা দিয়ে বস্তিবাসী অস্বচ্ছল ও হতদরিদ্র জনগোষ্ঠীর সন্তানদের আলোকিত মানুষ করার প্রয়াস চলছে। তার সাথে জাইকার অর্থায়নে সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ১০টি বস্তিতে ১০ টি প্রাক প্রাথমিক বিদ্যালয়ে বছরে ৩শত শিক্ষার্থী বিনামূল্যে শিক্ষা পাচ্ছে। যা প্রশংসনীয় কার্যক্রমের অংশ। মেয়র বলেন, শিশু শিক্ষার্থীরা বড় হয়ে দেশ জাতি ও সমাজকে আলোকিত করার সুযোগ পাবে। এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের আন্তরিকতা, সততা ও নিষ্ঠার উপর নির্ভর করছে সফলতা। তিনি প্রত্যেককে স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালন করার আহবান জানান। উল্লেখ্য যে, নগরীর ৫নং ওয়ার্ডে ২টি প্রাক প্রাথমিক বিদ্যালয়, ৯নং ওয়ার্ডে ৩টি প্রাক প্রাথমিক বিদ্যালয়, ৩৪ নং ওয়ার্ডে ২টি প্রাক প্রাথমিক বিদ্যালয় এবং ৩৮নং ওয়ার্ডে ৩টি প্রাক প্রাথমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে।

চট্টগ্রাম-১৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ১৬ মার্চ ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত এর মাধ্যমে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে ভ্রাম্যমান আদালতকে সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হওয়ায় ও নির্ধারিত সময়ে নবায়ন না করার অপরাধে পাহাড়তলী থানাধীন সিডিএ মার্কেটের আয়শা হোটেলকে ৫ হাজার টাকা, বেষ্ট কালেকশনকে ৫ হাজার টাকা,রিটেল শপকে ৫ হাজার টাকা,হযরত মামুন খলিফা গার্মেন্টসকে ৫ হাজার টাকা, ডবলমুরিং থানাধীন পাঠানটুলী চৌমুহনীর ইসলাম ব্রাদার্সকে

৩ হাজার টাকা, বাংলাদেশ টি ষ্টোরকে ২ হাজার টাকা, বিসমিল্লাহ প্লাষ্টিক ষ্টোরকে ২ হাজার টাকা, ফ্রেশ ইন রেস্তোরাকে ৫ হাজার টাকা, কোতোয়ালী থানাধীন রিয়াজুদ্দিন বাজার রয়েল প্লাজার শাহাদাত ষ্টোরকে ১ হাজার টাকা, মায়ের দোয়া লেদারকে ৫ হাজার টাকা, শাহ আমানত এন্টারপ্রাইজকে ২ হাজার টাকা, কে এম লেদারকে ১ হাজার টাকা, রুপসী বাংলাকে ২ হাজার টাকা, মেসার্স মাসুম ষ্টোরকে ৩ হাজার টাকা, এম জে এল ট্রেডিংকে ৩ হাজার টাকা, রিজোয়ান কমপ্লেক্সের আনবার ষ্টোরকে ৫ হাজার টাকা, আসাদ এন্টারপ্রাইজকে ৫ হাজার টাকা, চৌধুরী মার্কেটের মদিনা টেলিকমকে ৫ হাজার টাকা ও রহমান ম্যানশনের খোয়াজ ষ্টোরকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ৬৯ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি¬ষ্ট রাজস্ব সার্কেল সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম-১৬ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট যুথিকা সরকার এর নেতৃত্বে ১৬ মার্চ ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত এর মাধ্যমে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে আকবরশাহ থানাধীন ৯ নং পাহাড়তলী ওয়ার্ডস্থ আকবরশাহ মাজারের সামনে হইতে ঢাকা-চট্টগ্রাম রেল লাইন হয়ে ডিটি রোড পর্যন্ত আকবরশাহ রোডের উভয় পার্শ্বে রাস্তার বর্ধিত অংশের উপর অবৈধভাবে নির্মিত ৬০টি দোকান উচ্ছেদ করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি¬ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ, আকবর শাহ থানা ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম-১৬ মার্চ ২০১৭ খ্রি.

আগামীকাল ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস শিশুদের মহাসমাবেশের মধ্য দিয়ে উদযাপন করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ১৭ মার্চ ২০১৭ খ্রি. শুক্রবার ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এর মধ্যে সকাল ৯.০০ টায়, নগর ভবন বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৯.১৫ টায়, চসিক, কে বি আবদুচ ছত্তার মিলনায়তন খতমে কুরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত এবং সকাল ৯.৩০ টায় ডিসি হিল চত্বর শিশু-কিশোরদের মহাসমাবেশ এবং কেক কাটা ও ফেষ্টুন, বেলুন উড়ানো এবং আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

চট্টগ্রাম-১৬ মার্চ ২০১৭ খ্রি.

সবুজে সাজবে চট্টগ্রাম-সিটি মেয়রের ভিশন বাড়ীর ছাদে বাস্তবায়ন হচ্ছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর ভিশন সবুজে সাজবে চট্টগ্রাম বাড়ীর ছাদে বাগান তৈরীর মধ্য দিয়ে বাস্তবায়ন শুরু হয়েছে। লায়ন ক্লাব ইন্ট্যারন্যাশনাল জেলা ৩১৫/বি-৪ এর গভর্ণর শাহ আলম বাবুল এর বাসার ছাদে তিলোত্তমা চট্টগ্রাম এর লক্ষে "ফুল ও ফলে ভরবে দেশ,থাকবে না খালি জায়গা ছাদে,ফুটবে হাসি সবার মুখে"-এ শ্লোগানকে সামনে রেখে ১৬ মার্চ ২০১৭ খ্রি. বিকেলে বাড়ীর ছাদে

বাগান করার কর্মসূচী গাছ লাগিয়ে উদ্বোধন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এসময় সাবেক মেয়র মাহমুদুল ইসলাম চৌধুরী, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল আলম জসিম, ২১ নং ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, বাগানের উদ্যোক্তা মিসেস শাহেলা আবেদীন, লায়ন ক্লাব ইন্ট্যারন্যাশনাল জেলা ৩১৫/বি-৪ এর গভর্নর শাহ আলম বাবুল, হাজেরা খাতুন পারভীন, ওসমান গণি, এম এ গাফফার চৌধুরী, মির্জা মনসুরুল হক সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। বাড়ীর ছাদের বাগান প্রতিষ্ঠার কর্মসূচী উদ্বোধনকালে মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর প্রতিটি ছাদে,বাড়ীর আঙ্গিনায় এবং খালি জায়গায় বাগান গড়ে তুলে তিলোত্তমা চট্টগ্রামকে সবুজে সাজিয়ে গ্রিন সিটিতে উন্নয়ন করার কর্মসূচী নগরবাসীকে বাস্তবায়ন করতে হবে। কারন সবুজ এর মাঝেই মানুষের জীবন। উন্নত পরিবেশ, পরিচ্ছন্ন নগরী, বিশ্ব মানের বাসোপযুগি মনোরম পরিবেশ গড়ে তোলার প্রত্যয় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের। তিনি আশা করেন সুন্দর মনের মানুষদের সার্বিক সহযোগিতায় সবুজ নগরী গড়ে উঠবে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা